অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র নির্মাণের জন্য গভর্নর হোকলের 75 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

এসব ফ্যাসিলিটি সংকটপূর্ণ অবস্থায় থাকা লোকজনকে তাৎক্ষণিক সহায়তা প্রদান করে, জরুরি বিভাগে যাওয়া এবং উচ্চতর পর্যায়ের পরিচর্যা গ্রহণ এড়াতে সাহায্য করে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটজুড়ে নয়টি নতুন নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র (Intensive Crisis Stabilization Centers) তৈরির জন্য 75 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন যে কেন্দ্রগুলো কোনো আচরণগত স্বাস্থ্য সংকটের সম্মুখীন হওয়া যেকোনো প্রাপ্তবয়স্ক, শিশু, বা কিশোর-কিশোরীকে সহায়তা প্রদান করবে। এসব কেন্দ্র একটি নিরাপদ ও উষ্ণ পরিবেশে, দিনের 24 ঘণ্টা, সপ্তাহের সাত দিন, মূল্যায়ন, সেবা ও চিকিৎসা প্রদান করবে।

"আমার প্রশাসন একটি শক্তিশালী ও সমন্বিত সংকটের প্রতি সাড়াদান ব্যবস্থা উন্নয়ন করছে যা আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য জরুরি সেবার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের তাৎক্ষণিক সহায়তা প্রদান করবে," **বলেছেন গভর্নর হোকল।** "এসব সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র প্রতিদিন দিনব্যাপী উপস্থিত হওয়া ব্যক্তিদের সেবা প্রদান করবে, এবং লোকজনের জন্য একটি নিরাপদ ও উষ্ণ স্থানে আবেগ-সংক্রান্ত সংকট মোকাবেলা করার সক্ষমতা প্রদান করবে।"

"শিশুদের ও তরুণ প্রাপ্তবয়স্কদের মধ্যে আমরা আচরণগত সমস্যার সংখ্যা ক্রমশ বৃদ্ধি পেতে দেখছি, যেগুলো যথাযথভাবে চিকিৎসা করা হলে প্রায় ক্ষেত্রেই সেই ব্যক্তির জন্য নিয়ন্ত্রণযোগ্য হয়ে উঠতে পারে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো**। "নতুন নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র আচরণগত স্বাস্থ্য সংকটের সম্মুখীন হওয়া লোকজনের জন্য অতি প্রয়োজনীয় হাসপাতালের বেড দখল না করেই চিকিৎসা গ্রহণ করার মতো একটি উপযুক্ত স্থান প্রদান করবে।"

অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) এবং অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কর্তৃত্বের অধীনে উন্নয়ন হতে যাওয়া এসব কেন্দ্র সূক্ষ্ম মানসিক স্বাস্থ্য সমস্যা অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সংকটের সম্মুখীন হওয়া যেকোনো ব্যক্তিকে সাহায্য করবে। জরুরি ও তাৎক্ষণিক চিকিৎসা লোকজনকে তাদের সংকট মোকাবেলা করতে সাহায্য করবে এবং তাদেরকে উচ্চতর পর্যায়ের সেবা গ্রহণ

করতে যাওয়া এবং অপ্রয়োজনীয়ভাবে জরুরি বিভাগে ভিজিট করা থেকে বিরত রাখবে। লোকজন যাতে অব্যাহতভাবে তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে এসব কেন্দ্র রেফারাল ও ফলোআপ পরিষেবার পাশাপাশি সতীর্থ ও আরোগ্যমুখী সহায়তা পরিষেবা প্রদান করবে।

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা OMH-কে নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সুরক্ষা জাল শক্তিশালী করার সক্ষমতা প্রদান করেছে। তার নির্বাহী বাজেট এবং তার বাস্তবায়নকৃত উদ্যোগসমূহ সংকটপূর্ণ অবস্থায় থাকা ব্যক্তি ও পরিবারগুলোকে দ্রুত ও কার্যকরভাবে চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করবে। এই নতুন স্থিতিশীলকরণ কেন্দ্রগুলো, নতুন মোবাইল ক্রাইসিস টিম, সংকটকালীন আবাসিক কর্মসূচি, এবং অন্যান্য কমিউনিটি পরিষেবার সঙ্গে মিলে আচরণগত স্বাস্থ্য সংকটের সম্মুখীন হওয়া লোকজনের প্রতি আমাদের দ্রুত সাড়াদানের সক্ষমতা বৃদ্ধি করবে এবং সেক্ষেত্রে সহায়তা করবে।"

OASAS-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "মানসিক স্বাস্থ্য সংকট অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সংকটের সম্মুখীন হওয়া লোকজনের যত দ্রুত সম্ভব, তাদের জন্য কাজ করবে এমন সেরা উপায়ে সাহায্য পাওয়ার উপায়ের সঙ্গে সংযুক্ত হওয়া প্রয়োজন। প্রায় ক্ষেত্রেই তাদের স্বাভাবিক কর্মঘণ্টার বাইরে পরিষেবাগুলোর সঙ্গে সংযোগ করার প্রয়োজন হয়। এসব নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র সংকটের সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে দিন বা রাতের যেকোনো সময়ে পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করিয়ে দেওয়ার জন্য আমাদের চলমান প্রচেষ্টাকে অধিকতর সমৃদ্ধ করবে, এবং নিউ ইয়র্ক স্টেটের সব এলাকায় লোকজনের জন্য তাৎক্ষণিক সাহায্যের ব্যবস্থা করার জন্য আমাদের ভিশনকে সমর্থন করে।"

সিনেটর চাক স্কুমার বলেন, "অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী মানসিক স্বাস্থ্য চ্যালেঞ্জের কারণে নীরবে ভোগান্তি পোহাচ্ছেন এবং তারা তাদের প্রয়োজনীয় বিশেষায়িত সেবা গ্রহণের জন্য একটি স্থান পাওয়ার অধিকার রাখেন। আর একারণে ফেডারেল কোভিড রিলিফ বিলের মধ্যে মানসিক স্বাস্থ্য সংস্থানের ঐতিহাসিক বৃদ্ধি অন্তর্ভুক্ত করা নিশ্চিত করতে আমি এত কঠোরভাবে লড়াই করেছি। এখন এই ফেডারেল বিনিয়োগের সুবাদে, নিউ ইয়র্ক জুড়ে অঞ্চলগুলো সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে এমন কমিউনিটিগুলোতে সামনের সারিতে থেকে মানসিক স্বাস্থ্য সংকটের বিরুদ্ধে লড়াই করার জন্য ৭টি নতুন নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্রের অ্যাক্সেস পাবে।"

অ্যালকোহল আসক্তি ও মাদকদ্রব্য ব্যবহার বিষয়ক সিনেট কমিটির সভাপতি, স্টেট সিনেটর পিট হারখাম বলেন, "গুরুতর আচরণগত স্বাস্থ্য ও মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত অধিবাসীদের সাহায্য ও সহায়তা প্রদান করার একমাত্র উপায় হলো তাদের যখন প্রয়োজন হয় সেসময়ের জন্য যথাযথ সংস্থান লভ্য থাকা। স্টেটজুড়ে নতুন নয়টি কমিউনিটি-ভিত্তিক সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র সংকটকালীন অবস্থা প্রশমনের ক্ষেত্রে একটি অতি প্রয়োজনীয় বিনিয়োগ, বিশেষ করে মানসিক চাপ সৃষ্টিকারী এই সময়ে। এই

উদ্যোগের প্রতি তাদের শক্তিশালী সহায়তার জন্য আমি সত্যিই গভর্নর হোকল ও স্টেটের আইনসভায় আমার সহকর্মীদের প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর সামরা ব্রুক বলেন, "সিনেটের মানসিক স্বাস্থ্য কমিটির সভাপতি হিসেবে আমি নিউ ইয়র্ক স্টেটে মানসিক স্বাস্থ্য ও মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সংকটের প্রতি সাড়াদান প্রক্রিয়া রূপান্তরের প্রতি মনোযোগী থেকেছি। আমাদের কমিউনিটিগুলোতে নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র গড়ে তোলার জন্য আজকের এই বিনিয়োগের মধ্য দিয়ে, নিউ ইয়র্ক রূপান্তরমূলক পরিবর্তনের প্রতি এর অঙ্গীকারাবদ্ধতার আরো বেশি প্রমাণ দিচ্ছে যাতে সাহায্য পাওয়ার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিরা সহানুভূতিসম্পন্ন, মেডিকেলভাবে-অবহিত, চিকিৎসা-মুখী সেবা পেতে পারেন। আমি রচেস্টারের ইউনিটি হাসপাতালে (Unity Hospital) আমাদের কমিউনিটির নতুন নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্রকে স্বাগত জানানোর জন্য এবং পদ্ধতিগত মানসিক স্বাস্থ্য সংকট সংস্কারের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ—ড্যানিয়েলস ল পাশ হওয়ার মধ্য দিয়ে এই অগ্রগতিকে এগিয়ে নেওয়ার জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

কেন্দ্রগুলোর জন্য অর্থায়নের মধ্যে ফেডারেল সম্পূরক কমিউনিটি মানসিক স্বাস্থ্য পরিষেবা ব্লক গ্র্যান্টের (Federal Supplemental Community Mental Health Services Block Grant) মাধ্যমে সরবরাহকৃত স্টার্ট-আপ ব্যয় হিসেবে আনুমানিক 15 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। আরো তিনটি সংকটকালীন হস্তক্ষেপ কেন্দ্র, নিউ ইয়র্ক সিটিতে দুইটি এবং রাজধানী অঞ্চলে একটি, তৈরি করার জন্য OMH ও OASAS দ্বিতীয় একটি RFP ইস্যু করবে। অঞ্চল অনুযায়ী অনুদানপ্রাপ্তদের প্রথম রাউন্ডের মধ্যে রয়েছে:

New York City
PROMESA; 1776 Clay Ave, Bronx, NY

Long Island
Central Nassau Guidance and Counseling Services; 950 Oyster Bay Rd., Hicksville, NY

Mid-Hudson
Samaritan Daytop Village; 950 Route 45, Pomona, NY

Finger Lakes
Unity Hospital; 89 Genesee Street Rochester, NY

Western NY
BestSelf Behavioral Health; 430 Niagara Street Buffalo, NY

Southern Tier
CASA - Trinity; Church and Judson Street Elmira, NY

Central NY

Helio Health; 329 North Salina St., Syracuse, NY

North Country
Champlain Valley Family Center for Drug Treatment and Youth Services; 14 Dormitory Drive, Plattsburgh, NY

Mohawk Valley
Neighborhood Center; 344 South Washington St., Herkimer, NY

যদিও কেন্দ্রগুলো OMH ও OASAS কর্তৃক যৌথভাবে সনদপ্রাপ্ত হবে, চলমান পরিষেবা ও ফলোআপের মাধ্যমে সমন্বিত সেবা প্রদান অব্যাহত রাখার জন্য সেগুলো তারা যেসব কমিউনিটিতে সেবা প্রদান করবে তাদের সহযোগিতা নিয়ে নির্মিত হবে, যার মধ্যে স্থানীয় মানসিক স্বাস্থ্যবিধি পরিচালকগণ, স্কুল, কমিউনিটি স্বাস্থ্যসেবা প্রদানকারী, আইন প্রয়োগকারী সংস্থা এবং কমিউনিটির অন্যান্য চিহ্নিত স্টেকহোল্ডাররা অন্তর্ভুক্ত থাকবে।

এসব কেন্দ্র নিউ ইয়র্ক স্টেটের বিস্তৃত সংকটকালীন পরিস্থিতির প্রতি সাড়াদান ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আবাসনের অবস্থান অথবা অর্থ পরিশোধ করার সক্ষমতা নির্বিশেষে সব নিউ ইয়র্কবাসীর জন্য লভ্য রয়েছে।নিবিড় সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্রগুলোর পাশাপাশি, OMH ও OASAS সহায়তামূলক সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্রও নির্মাণ করছে, যেগুলো যেসব ব্যক্তি দৈনন্দিন জীবনের এমন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন যা অন-সাইট সহায়তা ছাড়া আরো খারাপের দিকে যেতে পারে সেসব ব্যক্তিকে পরিষেবা প্রদান করবে। সংস্থা দুইটি সম্প্রতি নিউ ইয়র্ক স্টেট জুড়ে 12টি নতুন সহায়তামূলক সংকটকালীন অবস্থা স্থিতিশীলকরণ কেন্দ্র নির্মাণের জন্য একটি RFP ইস্যু করেছে।

এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেটে 988 ক্রাইসিস লাইফলাইন বাস্তবায়নের জন্য দুই বছরে 95 মিলিয়ন ডলার তহবিল বরাদ্দ করেছেন (2022-23 অর্থবছরে 35 মিলিয়ন ডলার এবং 2023-24 অর্থবছরে 60 মিলিয়ন ডলার)। আচরণগত সংকটের সম্মুখীন হওয়া ব্যক্তিরা তাদের তাৎক্ষণিক প্রয়োজন পূরণ করতে পারবেন এবং চলমান সেবার সাথে সংযুক্ত হতে তাদেরকে সাহায্য করতে পারবেন এমন প্রশিক্ষণপ্রাপ্ত কাউন্সেলরের সঙ্গে যোগাযোগ করতে 988 লাইফলাইনে টেক্সট করতে পারবেন (অথবা 988lifeline.org ওয়েবসাইটের চ্যাট ফিচার ব্যবহার করতে পারবেন)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418